



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)



স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.০৩৩.০০৩.১৫.৩৩ (৬৪)

তারিখ: ২২ পৌষ, ১৪২৭।  
৬ জানুয়ারি, ২০২১।

**বিষয়: প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার সনদপত্র সংশোধন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের বিতরণকৃত সনদপত্রে প্রয়োজনীয় তথ্যাদি লিপিবদ্ধ করে স্বাক্ষরের এখতিয়ার সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারের বিধায় সনদপত্র সংশোধনের এখতিয়ারও সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারের। সনদপত্র সংশোধনের এখতিয়ার সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারের হওয়া সত্ত্বেও অনেকক্ষেত্রে সরাসরি অধিদপ্তরে সনদপত্র সংশোধনের জন্য আবেদনপত্র অগ্রায়নসহ অভিভাবকগণকে প্রেরণ করা হয়।

২। তাছাড়া অধিদপ্তরে অনলাইনে ডাটাবেজ সংশোধনের জন্য উপজেলা শিক্ষা অফিস হতে সংশোধিত সনদপত্র/নম্বরপত্র সংযুক্ত করে অধিদপ্তরকে বিষয়টি অবহিত করতে হয়। কিন্তু প্রায়শই দেখা যাচ্ছে উপজেলা বা জেলা পর্যায়ে হতে সংশোধিত সনদপত্র/নম্বরপত্র ছাড়াই অনলাইনে ডাটাবেজ সংশোধনের জন্য আবেদন দাখিল করছে। এতে আবেদনকারীদের যথাযথভাবে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে অনেক সময় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

৩। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সনদপত্র সংশ্লিষ্ট উপজেলা/থানায় সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতঃ অধিদপ্তরে ডাটাবেজ সংশোধনের জন্য সংশোধিত সনদপত্র/নম্বরপত্রসহ আবেদনপত্র প্রেরণের বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন।

৪। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ আতাউর রহমান  
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)  
ফোনঃ ০২-৫৫০৭৪৯১৭

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

অনুলিপি:

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল/খুলনা/ময়মনসিংহ বিভাগ।
- ২। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), .....
- ৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৪। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৫। অফিস কপি।